

# ব্রাহ্মণবাড়িয়া সদর উপজেলা পরিষদের পরিবেশ ও বন কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব শামীমা আক্তার  
মহিলা ভাইস চেয়ারম্যান  
উপজেলা পরিষদ, ব্রাহ্মণবাড়িয়া সদর।  
সভার স্থান : মহিলা ভাইস চেয়ারম্যান এর অফিস কক্ষ।  
তারিখ : ১৩/০৪/২০২২ খ্রিঃ  
সময় : ১১.০০ ঘটিকায়

সভার প্রারম্ভে সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। অতপর সভাপতি মহোদয়ের অনুমতি ক্রমে কমিটির সদস্য সচিব সামাজিক বনায়ন সম্পর্কে আলোকপাত করেন।

ক্রমিক নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১	চারা উত্তোলন ও বিক্রয়	তিনি জানান যে, চলতি ২০২১-২০২২ অর্থ বৎসরে বাগান সৃজনের কোন বরাদ্দ এখনও পাওয়া যায়নি। বর্তমানে উত্তোলিত ১০০০০ টি চারার বিক্রয় বিতরণ কার্যক্রম চলিতেছে।	স্বল্পমূলে জনসাধারণের মাঝে বিতরণের বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহিত হয়।	উপজেলা বন কর্মকর্তা। ব্রাহ্মণবাড়িয়া সদর।
২	প্রশিক্ষণ	তিনি আরও জানান যে, জন সাধারণের মাঝে গাছের সম্যক জ্ঞান দানের লক্ষে তাদের প্রশিক্ষণ প্রদান অর্থাৎ বীজ সংগ্রহ, চারা উত্তোলনের কলা-কৌশল, বিভিন্ন কাটিং, গাছের গুনাগুন ও আর্থিক সচ্ছলতা ইত্যাদি বিষয়ে প্রশিক্ষণ প্রদানের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	উক্ত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে অত্র উপজেলা ১১ টি ইউনিয়ন পরিষদ ভবনে নার্সারি ও চারা উত্তোলনের বিষয়ে প্রশিক্ষণ প্রদানের বিষয়ে সর্ব সম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।	চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা বন কর্মকর্তা।
৩	বিবিধ	বন কর্মকর্তা আর জানান যে, আগামী ৫ জুন থেকে ৪ জুলাই পর্যন্ত জাতীয় বৃক্ষ রোপন অভিযান এবং ৫ জুন থেকে ১১ জুলাই পর্যন্ত বৃক্ষমেলা ২০২২ চলবে। এ বছরে প্রতিপদ্য হলো বৃক্ষমেলা প্রকৃতি-প্রতিবেশ, আগামী প্রজন্মের টেকসই বাংলাদেশ। এ ব্যাপারে সকলের সহযোগিতা সহ বিস্তারিত আলোচনা হয়।	বিস্তারিত আলোচনান্তে জাতীয় বৃক্ষ রোপন অভিযান ও বৃক্ষমেলা সফলভাবে আয়োজনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।	উপজেলা বন কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(শামীমা আক্তার)

উপজেলা ভাইস চেয়ারম্যান মহিলা

ও

সভাপতি

পরিবেশ ও বন কমিটি

উপজেলা পরিষদ, ব্রাহ্মণবাড়িয়া সদর।

তারিখঃ- ১৩/০৪/২০২২ খ্রিঃ।

পত্র নং- ২২.০১.০০০০.৪২৭.২৯.০০১.১৯-০০

অনুলিপিঃ- সদয় অবগতি ও কার্যার্থেঃ

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ব্রাহ্মণবাড়িয়া সদর।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, ব্রাহ্মণবাড়িয়া সদর।
- ৩। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ব্রাহ্মণবাড়িয়া সদর।
- ৪। উপজেলা..... কর্মকর্তা, ব্রাহ্মণবাড়িয়া সদর।
- ৫। চেয়ারম্যান.....ইউপি, ব্রাহ্মণবাড়িয়া সদর।
- ৬। জনাব.....।
- ৭। অফিস নথি।

(মোঃ শাহজাহান)

উপজেলা বন কর্মকর্তা

ও

সদস্য সচিব

বন ও পরিবেশ সম্পর্কিত কমিটি

ব্রাহ্মণবাড়িয়া সদর।

ব্রাহ্মণবাড়িয়া সদর উপজেলা পরিষদের পরিবেশ ও বন কমিটির সভার কার্যবিবরণী।